একই তারিখের এবং একই স্মারকের স্থলাভিষিক্ত হবে **(সংশোধনী)**

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

ময়মনসিংহ

# বিজ্ঞপ্তি

নং শা-৭/বিবিধ-৪/৯৩(৩য় খন্ড)/১৬৬/সংস্হাপন তারিখঃ-৩১.০৮.২০২০

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাচ্ছে যে, বিভিন্ন অনুষদ/বিভাগ/শাখায় কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও নিয়মিত কর্মচারীদের মধ্যে যাঁরা বিশ্ববিদ্যালয় চত্বরে বাসা বরাদ্দ পেতে আগ্রহী এবং যাঁরা বর্তমান বাসা অপেক্ষা উন্নতমানের বাসা বরাদ্দ পেতে ইচ্ছুক, তাঁদের নিকট হতে **৩১-০৭-২০২০** তারিখের অর্জিত পয়েন্ট গণনা পূর্বক, এ অফিস হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে দরখাস্ত, আগামী ৩০.০৯.২০২০ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিসে দাখিল করার জন্য অনুরোধ জ্ঞাপন করা যাচ্ছে। যাঁরা নির্ধারিত সময়ের মধ্যে দরখাস্ত দাখিলে ব্যর্থ হবেন, তাঁরা পরবর্তী সময়েও, একই প্রক্রিয়ায় দরখাস্ত দাখিল করতে পারবেন, তবে একোমোডেশন কমিটির অধিবেশন অনুষ্ঠানের তারিখ এবং দরখাস্ত দাখিলের মধ্যে ন্যূনতম ৭ (সাত) দিনের ব্যবধান না থাকলে সেসব দরখাস্ত/ আবেদন উক্ত অধিবেশনে বিবেচিত হবে না। এখানে বিশেষভাবে উল্লেখ্য, কর্মচারীদের আবেদনে সংশ্লিষ্ট বিভাগ/শাখা প্রধানের প্রতি-স্বাক্ষর থাকতে হবে।

প্রসংগত নিম্নলিখিত তথ্যাবলীর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হল ঃ-

১। বাসা বরাদ্দের জন্য ৩০.০৭.২০২০ তারিখ পর্যন্ত দাখিলকৃত সকল আবেদনপত্র, এ বিজ্ঞপ্তি ইস্যুর তারিখ হতে বাতিল বলে গণ্য হবে, তবে ০১.০৮.২০২০ তারিখ থেকে দাখিলকৃত ও ৩১.০৭.২০২০ তারিখ অর্জিত পয়েন্ট গণনাপূর্বক আবেদনসমূহ **আগামী ৩১.০১.২০২১ তারিখ পর্যন্ত** বহাল থাকবে।

২। যদি কেহ কমিটি কর্তৃক বরাদ্দকৃত বাসাসমূহ বরাদ্দাদেশ ইস্যুর তারিখ হতে ১ (এক) মাসের মধ্যে নিজ দখল/বুঝে নিতে ব্যর্থ হন, তা হলে উক্ত বরাদ্দ আপনা-আপনি বাতিল বলে গণ্য হবে এবং বরাদ্দাদেশ ইস্যুর তারিখ হতে ৬ (ছয়) মাসের মধ্যে বাসা বরাদ্দের জন্য তাঁর কোন আবেদন বিবেচিত হবে না।

৩। যদি কেহ নির্ধারিত সময়ের মধ্যে, নতুন বরাদ্দকৃত বাসার দখল গ্রহণ করেন, তবে বরাদ্দাদেশ ইস্যুর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে তাঁকে অবশ্যই পূর্বের বরাদ্দকৃত বাসা সম্পূর্ণ খালি অবস্থায় এষ্টেট অফিসারের নিকট বুঝিয়ে দিতে হবে। কোন ক্রমেই কোন বাসা এস্টেট অফিস ছাড়া অন্য কাহারও নিকট হস্তান্তর করা যাবে না। অন্যথায়, একই সঙ্গে ২ (দুই) টি বাসা নিজ দখলে রাখলে নিয়ম বহির্ভূতভাবে দখলকালীন সময়ের জন্য সিন্ডিকেট কর্তৃক নির্ধারিত হারে পূর্বের বরাদ্দকৃত বাসা ষ্ট্যান্ডার্ড-রেন্ট এবং প্রচলিত নিয়ম মাফিক নতুন বরাদ্দকৃত বাসা ভাড়া একই সঙ্গে আদায়ের জন্য ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। শিক্ষক/কর্মকর্তাদের আবেদন ফরমে সকলের দৃষ্টি আকর্ষনের জন্য অবহিত করা যাচ্ছে যে,পয়েন্ট গননায় X বলতে কেবলমাত্র শিক্ষকদের বেলায় এডহক চাকুরীকালের মাস গননা করা হবে এবং কর্মকর্তাদের বেলা ৩য় শ্রেনী কর্মচারী হিসেবে চাকুরীকালের মাস গননা যোগ্য হবে।

৫। পয়েন্ট গননার ক্ষেত্রে ৩১.০৭.২০২০ তারিখের পর ইস্যু করা কোন বেতন বৃদ্ধির আদেশপত্র যার কার্যকারিতার তারিখ যাহাই থাকুক না কেন আগামী ৩১.০১.২০২১ তারিখ পর্যন্ত তা আর গ্রহন যোগ্য হবে না। পরবর্তী সময়কালে পয়েন্ট গননার ক্ষেত্রে বেতন বৃদ্ধির বিষয়টি বিবেচনা করা হবে।

৬। সাব-ষ্ট্যান্ডার্ড বাসায় (ইউঃফ্ল্যাট, এস-টাইপ, বি-টাইপ, ১ নং হতে বি-৬ নং এর নীচতলা ও জি-টাইপ বাসা) বসবাসকারী কোন শিক্ষক/কর্মকর্তাদের যদি উন্নতমানের বাসা বরাদ্দ করা হয় এবং তিনি আদেশনামায় উল্লেখিত নির্ধারিত সময়ের মধ্যে তাঁর দখলকৃত বাসা ছেড়ে বরাদ্দকৃত বাসায় না উঠেন, তবে আদেশনামা ইস্যুর তারিখ হতে তাঁকে বাড়ি ভাড়া ভাতা প্রদান করা হবে না এবং দখলকৃত বাসার সিন্ডিকেট কর্তৃক ধার্যকৃত ষ্ট্যান্ডার্ড রেন্টসহ, মাসিক বিদ্যুৎ+গ্যাস+পানি ইত্যাদির চার্জ আদায় করা হবে।

৭। **প্রত্যেক ব্যক্তি পূরণকৃত নির্ধারিত ফরমের মূলকপি এবং এর সাথে বিভাগীয় প্রধানের প্রতিস্বাক্ষরিত সেলারি সীটের (৩১.০৭.২০২০ তারিখের অর্থাৎ জুলাই-২০২০ তারিখের)ফটোকপি/অনুলিপি রেজিস্ট্রার অফিস(সংস্থাপন শাখা-৭)-এ জমা দিতে হবে।**

৮। **অসম্পূর্ণ আবেদনপত্র/ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।**

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষর/- রেজিস্ট্রার

মেমো নং শা-৭/বিবিধ-৪/৯৩(৩য় খন্ড)/১৬৬(১২০) /সংস্হাপন তারিখঃ-৩১.০৮.২০২০

সকল অনুষদীয় ডীন, সমন্বয়ক, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি, ছাত্র বিষয়ক উপদেষ্টা, সভাপতি ,আবাসন কমিটি, রেজিস্ট্রার, কোষাধ্যক্ষ, পরীক্ষা নিয়ন্ত্রক, পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, পরিচালক, জিটিআই/বাউরেস/বাউএক/কেন্দ্রীয় ল্যাবরেটরি/সীড প্যাথলজি সেন্টার/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট ইনস্টিটিউট/কৃষি মিউজিয়াম, সকল বিভাগীয় প্রধান, পরিচালক, ভেটেরিনারি ক্লিনিক,সকল হলের প্রভোস্ট, প্রোক্টর, গ্রন্থাগারিক, চীফ মেডিক্যাল অফিসার, প্রধান খামার তত্ত্বাবধায়ক, প্রধান প্রকৌশলী, পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা, পরিচালক, ক্রীড়া প্রশিক্ষণ, পরিচালক, আইসিটি সেল এডিশনাল রেজিস্ট্রার (সংস্থাপন)-১/২/৩/৪/৫ এডিশনাল রেজিস্ট্রার(শিক্ষা), প্রধান যন্ত্র প্রকৌশলী, নির্বাহী মেডিক্যাল অফিসার(ভারপ্রাপ্ত),স্বাস্থ্য প্রতিষেধক শাখা, পরিচালক, পরিবহন, প্রধান নিরাপত্তা কর্মকর্তা,সকল শাখা প্রধান, ভারপ্রাপ্ত কর্মকর্তা, অতিথি ভবন, সহকারী রেজিস্ট্রার, পরিষদ বিভাগ, উপ-পরিচালক, প্রো-ভাইস-চ্যান্সেলর কার্যালয়, মাননীয় প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে। সহকারী রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর সচিবালয়, মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে, সংস্থাপন শাখা-১ (গার্ড ফাইল)।

বিপ্লব
৩১/৮/২০২০

ডেপুটি রেজিস্ট্রার(সংস্থাপন)-৭

G:\Balel Misc\SHAHJAHAN--7\(11) ABATION--ORDER--(2).doc